



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

ফোন: ০২৪৭-৮৬০৫২৯

Email: dgmlad2@rakub.org.bd

Web : www.rakub.org.bd

রাকাবের প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

তারিখ : ১৫.০৫.২০১৮

প্রকা/ঋণঅবি-২/সার্কুলার লেটার নং-০২/২০১৮

প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি
সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাব-এসইসিপি প্রকল্পের ঋণ প্রক্রিয়াকরণ ফি নির্ধারণ প্রসংগে।

প্রিয় মহোদয়

রাকাব-এসইসিপি প্রকল্পের ঋণ আবেদন ফি নির্ধারণ বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর ২৮.০২.২০০৬ তারিখের সার্কুলার লেটার নং-১/২০০৬ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত সার্কুলার লেটারের ৪ নম্বর অনুচ্ছেদে ঋণ আবেদন ফি নির্ধারণ বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা রয়েছে:

- (ক) ৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণের জন্য ২৫০/- টাকা;
- (খ) ৫০,০০১/- টাকা হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ঋণের জন্য ৫০০/- টাকা এবং
- (গ) ১,০০,০০০/- টাকার উর্ধ্বে ঋণের জন্য ১,০০০/- টাকা।


০৩। উক্ত ঋণ আবেদন ফি প্রবর্তনের পর দীর্ঘদিন অতিক্রান্ত হয়েছে। ইতোমধ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ বাস্তবায়ন হওয়ায় বেতন ভাতা প্রায় দ্বিগুণ হয়েছে। অপরদিকে অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংগে ব্যবসায়িক প্রতিযোগিতায় টিকে থাকার জন্য প্রকল্পের বিতরণকৃত ঋণের সুদ হার ১৫% হতে হ্রাস করে ১৩% নির্ধারণ করা হয়েছে। এছাড়া ঋণ বিতরণের সর্বোচ্চ সীমা ৫.০০ লক্ষ টাকা হতে বৃদ্ধি করে ১২.০০ লক্ষ টাকায় উন্নীত করা হয়েছে। এ ধরনের পরিস্থিতি বিবেচনায় গত ২৬.০৪.২০১৮ তারিখে অনুষ্ঠিত রাকাব-এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড এর পরিচালনা পর্ষদের ১৮তম সভায় রাকাব-এসইসিপি প্রকল্পে বিদ্যমান ঋণ আবেদন ফি'র পরিবর্তে নিম্নোক্তহারে ঋণ প্রক্রিয়াকরণ ফি পদ্ধতি চালু করার অনুমোদন দেয়া হয়েছে:

- (ক) ৫০,০০০/- টাকা পর্যন্ত ঋণের জন্য ২৫০/- টাকা;
- (খ) ৫০,০০১/- টাকা হতে ১,০০,০০০/- টাকা পর্যন্ত ৫০০/- টাকা এবং
- (গ) ১,০০,০০০/- টাকার উর্ধ্বে ঋণের জন্য আবেদনকৃত ঋণ অংকের ০.৫০% অর্থাৎ প্রতি হাজারে ৫/- (পাঁচ) টাকা। তবে তা কখনোই ১,০০০/- (এক হাজার) টাকার নীচে হবে না।

০৪। এক্ষেত্রে রাকাবে প্রচলিত নিয়মে মঞ্জুরিকৃত ঋণাংকের ০.৫০% অর্থাৎ প্রতি হাজারে ৫/- (পাঁচ) টাকা হারে বন্ধকী দলিল সম্পাদন ফি আদায় করতে হবে।

০৫। ঋণ প্রক্রিয়াকরণ ফি এর হার আগামী ০১.০৬.২০১৮ তারিখ হতে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত



(জগন্নাথ ঘোষা)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ঋণঅবি-২(৫৪)/২০১৭-২০১৮/৪৬১(৩৯৮)/৫১

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১১। অফিস নথি/মহানথি।


১৫.০৫.২০১৮
(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা